

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. তৃতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ رَجَبٌ قَالَ: «اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي رَجَبٍ وَشَعْبَانَ وَبَلِّغْنَا رَمَضَانَ» قَالَ: وَكَانَ يَقُولُ: «لَيْلَةُ الْجُمُعَةِ لَيْلَةٌ أَغَرُّ وَيَوْمُ الْجُمُعَةِ يَوْمُ أَزْهَرُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

বাংলা

১৩৬৯-[১৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রজব মাস আসলে এ দু'আ পড়তেন, "হে আল্লাহ! রজব ও শা'বান মাসের ('ইবাদাতে) আমাদেরকে বারাকাত দান করো। আর আমাদেরকে রমাযান মাস পর্যন্ত পৌঁছাও। বর্ণনাকারী আনাস (রাঃ) আরো বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেন, "জুমু'আর রাত আলোকিত রাত। জুমু'আর দিন আলোকিত দিন।" (বায়হাকী'র দা'ওয়াতুল কাবীর)[1]

ফুটনোট

[1] য'ঈফ : দা'ওয়াতুল কাবীর ৫২৯, শু'আবুল ঈমান ৩৫৩৪। কারণ এর সানাদের বর্ণনাকারী যিয়াদ আন্ নুমায়রী সম্পর্কে ইমাম বুখারী (রহঃ) বলেছেন, সে মুনকারুল হাদীস।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا دَخَلَ رَجَبُ) অর্থাৎ এখানে রজব বলতে সে মাস যা হারাম মাসগুলোর একটি। কেউ বলেছেন, এটি গায়র মুন সারিক। (اللَّهُمَّ بَارِكُ لَنَا) অর্থাৎ আমাদের আনুগত্যে ও 'ইবাদাতে, বারাকাত দান করুন। এ দু' মাসে বেশী বেশী 'আমলুস সালিহ করার তাওফীক্ব দান করুন। পূর্ণ রমাযানকে পাইয়ে দিন এবং তাতে সিয়াম ও কিয়ামের সক্ষমতা দান করুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন